

# অর্টারিওতে স্বাস্থ্যসেবা : প্রেক্ষিপশন ওষুধ পাওয়া

আপনি যদি অসুস্থ কিংবা আহত হয়ে থাকেন তাহলে আপনারও ওষুধের প্রয়োজন হতে পারে। অনেক ক্ষেত্রে ড্রাগ স্টোর থেকে আপনি ওষুধ কিনতে পারেন কোনো ডাক্তার কিংবা নার্সকে দেখানো ছাড়াই। এগুলিকে বলে ওভার-দ্য-কাউন্টার ওষুধ।

অন্যান্য ওষুধের জন্য একজন ডাক্তার অথবা নার্সের কাছ থেকে প্রেক্ষিপশন প্রয়োজন হবে। এই প্রেক্ষিপশনে ফার্মেসিস্টকে বলা হয় আপনার জন্য কি ওষুধ লাগবে, কতদিন পর পর এবং কতদিনের জন্য। ফার্মেসিস্ট আপনাকে জানাবে ওষুধ কিভাবে নিরাপদে খেতে হবে।

একটি প্রেক্ষিপশন দিয়ে আপনি কি করবেন? এমন কোনো ড্রাগ প্ল্যান আছে কি যার মাধ্যমে খরচ মেটানো যেতে পারে? যে তথ্য আপনি এখানে পাবেন তার মাধ্যমে আপনাকে বুঝতে সাহায্য করবে:

- কিভাবে প্রেক্ষিপশন ওষুধ পেতে পারেন
- অর্টারিওতে প্রেক্ষিপশন ওষুধের খরচ কে বহন করে

এই তথ্যপাতাটি আপনি [ontario.ca/healthcarebasics](http://ontario.ca/healthcarebasics) ওয়েবসাইটে অনেক ভাষায় পাবেন। “Information in Other Languages” বোতাম টিপুন। অনলাইন ভার্সনে টরন্টোতে স্বাস্থ্যসেবা সম্বন্ধে সংযুক্ত করা আরো অনেক তথ্য আপনি পাবেন।

## ১. আমার ডাক্তার আমাকে একটি প্রেক্ষিপশন দিয়েছেন। এটি নিয়ে আমি কি করবো?

একটি ফার্মেসী (ড্রাগ স্টোরও বলা হয়) থেকে ওষুধ পেতে হলে একটি প্রেক্ষিপশনের প্রয়োজন হবে। অবস্থান ও খোলা থাকার সময়ের উপর নির্ভর করে আপনাকে একটি স্টোর বেছে নিতে হবে।

আপনার নাম, ঠিকানা ফোন নাম্বার সহ স্টাফ প্রেক্ষিপশনটি পরীক্ষা করে দেখেবেন। খরচ মেটানোর জন্য আপনার যদি কোনো ড্রাগ প্ল্যান থাকে তাহলে আপনাকে সেই তথ্য দিতে হবে। ফার্মেসিস্ট আপনাকে বলে দেবেন নিরাপত্তার সাথে কিভাবে আপনি ওষুধ খাবেন। ওষুধ খাওয়ার ব্যাপারে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অবশ্যই জিজ্ঞাসা করে নেবেন।

## ২. অর্টারিও সরকার কি আমার প্রেক্ষিপশন ওষুধের খরচ দেবে?

আপনি হয়তো অর্টারিও'র ড্রাগ প্রোগ্রামের মধ্যে একটি পাওয়ার যোগ্য হতে পারেন। এর মধ্যে পড়ে:

- অর্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রাম Ontario Drug Benefit Program। পুষ্টিবিধান দ্রব্য ও ডায়াবেটিক পরীক্ষার জিনিস সহ এই প্রোগ্রামটি ৩,৩০০টিরও বেশি ওষুধের খরচ দিয়ে থাকে। ৬৫ বৎসর বয়সের উর্ধের সকল অর্টারিয়ান এর আওতায় পড়েন।
- ট্রিলিয়াম ড্রাগ প্রোগ্রাম Trillium Drug Program। এই প্রোগ্রামটি সেইসব অর্টারিয়ানদের জন্য যাঁরা তাঁদের উপার্জনের বেশির ভাগ অংশ প্রেক্ষিপশন ওষুধের জন্য খরচ করে থাকেন।

অথবা, আপনি যদি কর্মরত হন, আপনার এমপ্লয়ারের একটি ড্রাগ প্ল্যান থাকতে পারে যার মাধ্যমে আপনার ওষুধের খরচ কিছুটা অথবা সর্বটাই দেয়া হয়। যদি তা না হয়, তাহলে আপনার প্রেক্ষিপশন ওষুধের খরচ আপনাকেই বহন করতে হবে।

### ৩. অর্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রাম কিংবা ট্রিলিয়াম ড্রাগ প্রোগ্রামের জন্য কিভাবে আমি দরখাস্ত করতে পারবো ?

এই প্রোগ্রামগুলি পেতে হলে আপনাকে কিছু শর্ত পূরণ করতে হবে।

**অর্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রামে যোগ দিতে হলে :** এই প্রোগ্রামটি বিশেষ করে সিনিয়র এবং যাদের হোম বা লং-টার্ম সেবা প্রয়োজন তাঁদের জন্য। যদি

- আপনার বয়স ৬৫-এর বেশি হয়, এবং
- আপনার যদি একটি বৈধ অর্টারিও হেল্থ কার্ড থাকে

তাহলে আপনাকে অ্যাপ্লাই করতে হবে না। আপনি ড্রাগ স্টোরে সোজাসুজি আপনার প্রেক্ষিপশন ও হেল্থ কার্ড নিয়ে যাবেন, ফার্মেসিস্টকে বলুন যে আপনি এখন অর্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রামে নিবন্ধভুক্ত (Ontario Drug Benefit Program)। ফার্মেসিস্ট তখন সরকারের হেল্থ নেটওয়ার্ক সিস্টেম চেক করবে আপনি কোয়ালিফাই করেন কিনা নিশ্চিত করতে।

ভাগাভাগি করে খরচ দেয়া বা বিয়োগ করার ব্যবস্থা আছে যেটি আপনাকে বহন করতে হবে। আপনি হয়তে নিম্নতম \$২ ডলার কো-পেমেন্টের জন্য আবেদন করতে পারেন।

**দৃষ্টব্য :** আপনি এই প্রোগ্রামে অন্য একটি অর্টারিও হেল্থ কেয়ার প্রোগ্রামের মাধ্যমেও যোগ দিতে পারেন, যেমন লং-টার্ম কেয়ার অথবা হোম কেয়ার। যিনি ঐ প্রোগ্রামে আবেদন করার জন্য সাহায্য করবেন তিনি অর্টারিও ড্রাগ বেনিফিট প্রোগ্রামে আবেদন করায়ও সাহায্য করতে পারবেন।

**ট্রিলিয়াম ড্রাগ প্রোগ্রামে যোগ দিতে হলে :** আপনার স্থানীয় ড্রাগ স্টোর থেকে একটি আবেদন পত্র নিতে পারেন। অথবা টেলিফোন ১-৮০০-৫৭৫-৫৩৮৬ নাম্বারে যোগাযোগ করতে পারেন। এছাড়াও অনলাইনে (find a copy of the application form and guide online) একটি আবেদনপত্র ও নিয়মাবলী খুঁজে পাবেন।

### ৪. অর্টারিওতে হেল্থ কেয়ার সিস্টেম সম্বন্ধে আমার প্রশ্ন আছে। কার সাথে আমি টেলিফোনে কথা বলতে পারি ?

যোগাযোগ করুন ServiceOntario, INFOLine-এর সাথে সকাল ৮:৩০টা থেকে বিকাল ৫:০০টা সময়ের মধ্যে। সেখানে কর্মচারী প্রস্তুত আছেন আপনাকে সাহায্য করতে ইংরেজি, ফ্রেঞ্চ ও আরো ২০টি ভাষায়। টেলিফোন করুন :

- ১-৮৬৬-৫৩২-৩১৬১
- TTY ১-৮০০-৩৮৭-৫৫৫৯
- টরন্টোতে, TTY ৪১৬-৩২৭-৪২৮২

বিস্তারিত জানার জন্য আমাদের [health.gov.on.ca](http://health.gov.on.ca) ওয়েবসাইট খুলে দেখুন।